

যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ অনুষ্ঠিত

আইসিটি বিভাগের উদ্যোগে ২১ নভেম্বর ২০২০ তারিখ ৫ম বারের মতো যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা অনুষ্ঠিত হলো। যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চার ব্যাপক সম্প্রসারণ এবং ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির জন্য এ প্রতিযোগিতা প্রতি বছর আয়োজন করা হয়।

সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৫:৩০ টা পর্যন্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকাসহ বিসিসির রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, ফরিদপুর ও রংপুর আঞ্চলিক কার্যালয়ে এ প্রতিযোগিতা একযোগে অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানের আয়োজনকারী প্রতিষ্ঠান বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এবং সহায়তাকারী প্রতিষ্ঠান সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজিঅ্যাবিলিটি (সিএসআইডি)।

দৃষ্টি প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি) ক্যাটাগরিতে মোট ১৫৭ জন প্রতিযোগী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট ব্যবহারের দক্ষতা যাচাই করা হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম, পিএএ ও সিএসআইডি'র নির্বাহী পরিচালক জনাব খন্দকার জহরুল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব।

এ প্রতিযোগিতা হতে সেরা মোট ২০ জন প্রতিযোগীকে বাছাই করা হয় যারা আগামী জানুয়ারী ২০২১-এ অনুষ্ঠেয় আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করার সুযোগ পাবেন। নির্বাচিত প্রতিযোগীরা হলেন:

দৃষ্টি প্রতিবন্ধী ক্যাটাগরি: জনাব মোঃ ইমরান হোসেন (ঝিনাইদহ), জনাব জয়দ্বীপ রায় (সিলেট), জনাব মাহামুদুল হাসান হৃদয় (ঢাকা), জনাব মোঃ হাসিবুর রহমান রাসেল (রাজশাহী) এবং জনাব মোহাম্মাদ রাহী জি চৌধুরী (চট্টগ্রাম)।

শারীরিক প্রতিবন্ধী ক্যাটাগরি: জনাব নাহিদুল ইসলাম (শরিয়তপুর), জনাব মেহেদি হাসান (জামালপুর), জনাব কাজী রাহাতুল ইসলাম তুষার (বরিশাল), জনাব সেলিম শেখ (রাজবাড়ি), জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম স্বাধীন (ঢাকা), জনাব নিয়ামুর রহমান শিহাব (বরিশাল) এবং জনাব মোঃ সামির উদ্দিন (ঠাকুরগাঁও)।

বাক ও শ্রবণ প্রতিবন্ধী ক্যাটাগরি: জনাব অয়ন চক্রবর্তী (রোঙামাটি), জনাব মোঃ আবু সাদেক (চট্টগ্রাম), জনাব আতিকুর রহমান (রাজশাহী), জনাব রইচ উদ্দীন মারুফ (নওগাঁ) এবং জনাব সিয়াম মোস্তাফা (ফরিদপুর)।

এনডিডি ক্যাটাগরি: জনাব অমিত সুজাউদ্দিন তুরাগ (ঢাকা), জনাব তাহমিদ যুহাইর ইশমাম (ঢাকা) এবং জনাব নেহার উদ্দীন আহমেদ (শরিয়তপুর)।

আন্তর্জাতিক প্রতিযোগীতার প্রস্তুতির জন্য নির্বাচিত প্রতিযোগীরা বিসিসি পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। প্রত্যেক বিজয়ী প্রতিযোগী পুরস্কার স্বরূপ পাটের ব্যাগসহ স্যুভেনীর, একসেট বই এবং একটি করে স্মার্ট ফোন পাবেন। ওয়ালটন, জেনওয়েব টু এবং ফিফোটেক এ প্রতিযোগিতা আয়োজনে পৃষ্ঠপোষকতা প্রদান করে।



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর রাজশাহী কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর খুলনা কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর বরিশাল কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর সিলেট কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর চট্টগ্রাম কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর ফরিদপুর কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর রংপুর কেন্দ্রের ছবি



যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ এর ঢাকা কেন্দ্রের ছবি